

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ৩০, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

[শুল্ক]

বিশেষ আদেশ

তারিখ : ০৪ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ/১৭ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

নং ১২/২০১৯/শুল্ক/২৯।—The Customs Act, 1969 এর Section-219 এর প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত আইনের Section-95 এর sub-section (2) এর clause (b) এর বিধান অনুযায়ী মেসার্স গোল্ডেন সন লিঃ নামীয় প্রতিষ্ঠান কর্তৃক সরাসরি রপ্তানির জন্য উৎপাদিত কিন্তু রপ্তানি অযোগ্য ত্রুটিযুক্ত ('বি' ও 'সি' গ্রেড) পণ্যসমূহ (শিশুদের বিভিন্ন ধরনের প্লাস্টিক খেলনা, ফ্যান ও ফ্যান মোটর, হটপট, কুকার ইত্যাদি Non Traditional আইটেম) স্থানীয় বাজারে বিক্রয়ের ক্ষেত্রে নিম্নরূপ আদেশ জারি করা হলো :

- (ক) প্রতিষ্ঠানের উৎপাদিত রপ্তানির অযোগ্য ত্রুটিপূর্ণ 'বি' ও 'সি' গ্রেডের পণ্য স্থানীয় বাজারে (Tariff Area) বিক্রয়ের জন্য সংশ্লিষ্ট কমিশনারের অনুমোদন নিতে হবে ;
- (খ) পণ্য ত্রুটিযুক্ত ('বি' ও 'সি' গ্রেড) কি না এ বিষয়ে প্রতিষ্ঠিত ও আন্তর্জাতিক সার্ভেয়ার সংস্থার প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে ;
- (গ) পণ্যসমূহ যথাযথ মানসম্পন্ন না হওয়ায় অর্থাৎ ত্রুটিযুক্ত (রপ্তানি অযোগ্য) পণ্য স্থানীয়ভাবে বিক্রয়ের ক্ষেত্রে BSTI এর পূর্বানুমতি গ্রহণ করতে হবে ;
- (ঘ) পণ্য বিক্রয় পদ্ধতি :
- i. ত্রুটিযুক্ত পণ্য উন্মুক্ত সিলমোহরকৃত দরপত্র আহবানের মাধ্যমে প্রাপ্ত সর্বোচ্চ দরপত্র মূল্যে বিক্রয় করতে হবে। তবে শর্ত থাকে যে, প্রতিষ্ঠান কর্তৃপক্ষ শুল্ক কর্তৃপক্ষের পূর্বানুমতিক্রমে নিজস্ব খরচে ন্যূনতম ১৫ দিনের সময় দিয়ে কমপক্ষে ২টি বাংলা ও ১টি ইংরেজি বহুল প্রচারিত জাতীয় দৈনিকে দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশ করবে ;

(৮-২৫)

মূল্য : টাকা ৮.০০

- ii. দরপত্র প্রক্রিয়া তদারকি এবং দরপত্র মূল্যের গ্রহণযোগ্যতা বিষয়ে সুপারিশ প্রদানের জন্য নিম্নরূপ সদস্য সমষ্টিয়ে একটি কমিটি গঠন করতে হবে ;
- অতিরিক্ত কমিশনার/যুগ্ম কমিশনার, কাস্টমস বড কমিশনারেট -সভাপতি ;
  - বিভাগীয় কর্মকর্তা, সংশ্লিষ্ট কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট -সদস্য ;
  - সংশ্লিষ্ট জেলা প্রশাসক কার্যালয়ের প্রতিনিধি (সহকারী সচিব পদবৰ্যাদার নিম্নে নয়) -সদস্য ;
  - বিএসটিআই এর প্রতিনিধি (সহকারী পরিচালক পদবৰ্যাদার নিম্নে নয়) -সদস্য ;
  - উপ/সহকারী কমিশনার, কাস্টমস বড কমিশনারেট -সদস্য সচিব ;
- iii. দরপত্র প্রক্রিয়া তদারকি ও মূল্যায়ন কমিটি কর্তৃক সমজাতীয় পণ্যের বাজার দর পর্যালোচনা করে দরপত্র ভিত্তিক ত্রুটিযুক্ত/রঞ্জনি অযোগ্য ('বি' ও 'সি' গ্রেড) পণ্যের সর্বনিম্ন মূল্য নির্ধারণ করবে ;
- iv. ন্যূনতম তিনটি দরপত্র মূল্য পাওয়া না গেলে পুনরায় দরপত্র আহবান করতে হবে ;
- v. অনুমোদিত সর্বোচ্চ দরপত্র মূল্যের ভিত্তিতে শুল্কায়ন সম্পন্ন করতে হবে। তবে, তা কোনভাবেই দরপত্র তদারকি ও মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন মূল্যের কম হতে পারবে না ;
- vi. কাস্টমস বড কমিশনারেট, সদর দপ্তর দরপত্র গ্রহণ করবে ;
- vii. প্রতিষ্ঠান ০৬(ছয়) মাস পরপর জাতীয় রাজস্ব বোর্ড বরাবর ত্রুটিপূর্ণ পণ্যের বিক্রয় সংক্রান্ত তথ্য প্রেরণ করবে।
- (৬) The Customs Act, 1969 এর section 95 এর sub-section (2) এর clause (b) এর বিধান অনুসারে স্থানীয় বাজারে বিক্রয়কৃত উক্ত পণ্যের উপর আমদানি পর্যায়ে প্রযোজ্য সমুদয় শুল্ক করান্বাদি, ফি ইত্যাদি উক্ত পণ্য ওয়্যারহাউস হইতে খালাসের পূর্বে সম্পূর্ণরূপে পরিশোধ করতে হবে ;
- (৭) বিক্রীত পণ্য উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল বড রেজিষ্টারে সমন্বয় করতে হবে ;
- (৮) ত্রুটিযুক্ত রঞ্জনি অযোগ্য 'বি' ও 'সি' গ্রেডের পণ্য স্থানীয় বাজারে পঞ্জিকা বছরে সর্বোচ্চ ০২ (দুই) বার বিক্রয় করা যাবে ;
- (৯) শুল্ক কর্তৃপক্ষের তত্ত্বাবধানে স্থানীয় বাজারে বিক্রয়কৃত পণ্যের খালাস গ্রহণ করতে হবে ;
- (১০) এই ব্যবস্থা প্রচলন রঞ্জনির ক্ষেত্রে প্রযোজ্য হবে না এবং প্রতিষ্ঠান কর্তৃক রঞ্জনি পণ্য উৎপাদনের পাশাপাশি ত্রুটিযুক্ত রঞ্জনি অযোগ্য 'বি' ও 'সি' গ্রেডের পণ্য স্থানীয় বাজারে সরবরাহের পরিমাণ পূর্ববর্তী বৎসরের মোট রঞ্জনিকৃত পণ্যের ১৫% এর অতিরিক্ত হবে না।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

সুলতান মোঃ ইকবাল  
সদস্য (শুল্ক রঞ্জনি, বড ও আইটি)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,  
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd).